SHAKTI
নারীর ক্ষমতায়নে শক্তি

মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি(এম আর এ)
সনদ নং
০০১৭৬-০০০৫৯-০০০১৮

# শক্তি বার্তা

## শক্তি ফাউন্ডেশন এর ৩২তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন

৩২ বছরের গৌরবময় পথচলা

১ এপ্রিল, ২০২৪ শক্তি ফাউন্ডেশনের ৩২ তম প্রতিষ্ঠা বার্ষিকী উদযাপন করা হয়। প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে শক্তি ফাউন্ডেশনের প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক প্রতিষ্ঠানের সকল কর্মীদের শুভেচ্ছা বার্তা প্রদান করেন। তিনি বলেন- "শক্তি ফাউন্ডেশনের ৩২ বছরের পথ চলার অগ্রযাত্রায় আপনাদের সবাইকে শুভেচ্ছা ও অভিনন্দন। আপনারাই হলেন শক্তির আসল শক্তি। তাই সকলে মিলে একসাথে সততা ও নিষ্ঠার সাথে কাজ করে শক্তিকে আরো সামনের দিকে এগিয়ে নিয়ে যাবেন এটাই আমার প্রত্যাশা। আপনাদের সকলের সুস্বাস্থ্য ও মঙ্গল কামনা করছি"। এই বক্তব্যের প্রতি সংহতি প্রকাশ করে শক্তি পরিবারের সকলে শক্তিকে সামনের দিকে এগিয়ে নিয়ে যেতে দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন।

## গ্লোব এশিয়া-প্যাসিফিক আঞ্চলিক সভা অনুষ্ঠিত





শক্তি ফাউন্ডেশন বাংলাদেশে গ্লোব প্রোগ্রামের সহকারী কান্ট্রি কো-অর্ডিনেটর হিসেবে, মালদ্বীপের মালেতে, অনুষ্ঠিত গ্লোব এশিয়া-প্যাসিফিক আঞ্চলিক সভায় অংশগ্রহণ করে। তিন দিনব্যাপী অনুষ্ঠিত এই সভায় ১৪টি দেশের গ্লোব কান্ট্রি কোঅর্ডিনেটররা উপস্থিত ছিলেন। প্রথম দিনে, ১০ বছরের বিরতির পর অনুষ্ঠিত এই কার্যক্রম এর বিষয়গুলো উপস্থাপন করার পাশাপাশি মাত্র ৩ মাসে লালপুর নজরুল ইসলাম উচ্চ বিদ্যালয় (কুমিল্লা) এ শক্তির কার্যক্রমের যে অর্জন তা বিশেষভাবে স্বীকৃতি পায়। গ্রামের মেয়েদের জন্য STEM ( Science,technology, engineering and mathematics) শিক্ষা বিশেষত "কোডিং ফর গার্লস" এর উদ্যোগ অংশগ্রহণকারীদের বিশেষভাবে মুগ্ধ করেছে। শক্তি ফাউন্ডেশনের পক্ষ থেকে মূলতঃ শিক্ষকদের উদ্বুদ্ধ করা এবং ভাষার প্রতিবন্ধকতার মতো মূল চ্যালেঞ্জগুলোকে তুলে ধরা হয়। গ্লোব অ্যাডমিনিস্ট্রেটরদের কাছ থেকে অত্যন্ত আশাব্যঞ্জক সাড়া পাওয়া যায়, যেমন তাদের ওয়েবসাইটে বাংলা প্রোটোকলের অনুবাদের বিষয়টি অন্তর্ভুক্ত করা। ২য় দিনে, গ্লোব ওয়েবসাইট এবং অ্যাপের নতুন বৈশিষ্ট্যগুলির উপর প্রশিক্ষণ প্রদান করা হয়। শেষ দিনে, এই প্রোগ্রামকে কিভাবে আরো সামনের দিকে এগিয়ে নিয়ে যাওয়া যায় সেই বিষয় নিয়ে আলোচনা করা হয় এবং একই দিনে গ্লোব প্রোগ্রামে যোগ দেওয়া একটি চমৎকার স্কুলও পরিদর্শন করা হয়। শক্তি ফাউন্ডেশন, মার্কিন দূতাবাস ঢাকা এবং ব্রাইটার্স সোসাইটি বাংলাদেশ কর্তৃক বাংলাদেশে ২০২৪ সালের ফেব্রুয়ারিতে শুরু হওয়া গ্লোব প্রোগ্রামটি, বাংলাদেশে বিজ্ঞান শিক্ষা এবং পরিবেশ সচেতনতার ক্ষেত্রে উল্লেখযোগ্য মাইলফলক হিসেবে কাজ করবে।

## ফ্রি মেডিকেল ক্যাম্প আয়োজন






হেলথ প্রোগ্রামের নিয়মিত কার্যক্রমের আওতায় এপ্রিল ২০২৪ মাসে সুনামগঞ্জ ছাতক, সিলেট এর মদিনা মার্কেট, চট্টগ্রামের সীতাকুণ্ড, ফেনীর লেমুয়া এবং চাষাড়া নারায়নগঞ্জ এরিয়াতে মোট ৫টি ফ্রি মেডিকেল ক্যাম্পের আয়োজন করা হয়। এই মেডিকেল ক্যাম্পের মাধ্যমে প্রায় ৭০০ জনকে স্বাস্থ্য সেবা প্রদান এর পাশাপাশি প্রয়োজনীয় ওষুধ প্রদান করা হয়।

# দক্ষতা উন্নয়নে ট্রেনিং







ট্রেনিং ডির্পাটমেন্টের নিয়মিত কার্যক্রমের আওতায় এপ্রিল মাসে বগুড়া, কুমিল্লার গৌরীপুর এবং সাভারে অবস্থিত ট্রেনিং সেন্টারে ৩ টি ব্যাচে ৭৪ জন সিনিয়র মাইক্রোফাইন্যান্স অফিসার এবং মাইক্রোফাইন্যান্স অফিসারদের নিয়ে রিফ্রের্শাস ট্রেনিং অনুষ্ঠিত হয়।নতুন নিয়োগ প্রত্যাশি ৯৩ জন ট্রেইনি অফিসারদের (মাইক্রোফাইনান্স)নিয়ে ৪টি ব্যাচে প্রি-সার্ভিস ট্রেনিং এর পাশাপাশি ২টি ব্যাচে ৪৩ জনের ষষ্ঠ ধাপে চূড়ান্ত মূল্যায়ন অনুষ্ঠিত হয়। এছাড়া, ১৮ জন জন একাউন্টেন্টদের অংশগ্রহণে প্রি-সার্ভিস ট্রেনিং অনুষ্ঠিত হয়। এছাড়াও প্রিপারেশন কোর্স এর অংশ হিসেবে ১৩ জন ট্রেইনি এরিয়াসুপারভাইজারদের নিয়ে চূড়ান্ত পর্বের ট্রেনিং অনুষ্ঠিত হয়। স্টার্ক সাভারে ক্লাইমেট চেঞ্জ প্রোগ্রাম, হেলথ প্রোগ্রাম এবং কমিউনিকেশন, মার্কেটিং এন্ড রিসার্চ ডিপার্টমেন্টের কর্মীদের অংশগ্রহণে টিম বিল্ডিং বিষয়ক দিন ব্যাপী ট্রেনিং অনুষ্ঠিত হয়। এছাড়াও অনলাইনে মাঠ পর্যায়ের সকল মাইক্রোফাইন্যান্স অফিসার, শাখা ব্যবস্থাপক, এরিয়া সুপারভাইজার, রিজিওন হেডদের নিয়ে লোন এসেসমেন্ট বিষয়ক ট্রেনিং অনুষ্ঠিত হয়।

# জানার আছে অনেক কিছু

## সময়ের কাজ সময়ে করার কৌশল

জীবনে সফল হওয়ার জন্য সময়ের সঠিক ব্যবহার অতি গুরুত্বপূর্ণ। সময় স্থির নয়, নদীর স্রোতের মতো বহমান। যারা সময়কে সঠিকভাবে কাজে লাগায় জীবনে তারাই সফল হয়। তাই পেশাগত জীবনে সাফল্য পেতে সময়ের যথাযথ ব্যবহার অত্যন্ত গুরুত্বপূর্ণ।



### কাজের তালিকা করা

প্রতিদিন সকালে অফিসে প্রবেশ করেই, আজকের দিনের  কি কি কাজ তা অগ্রাধিকার ভিত্তিতে একটি তালিকা করে ফেলতে হবে। অর্থাৎ কাজের গুরুত্ব এবং সময় বিবেচনায় নিয়ে কোন কাজগুলো আগে কোন কাজগুলো পরে করতে হবে, তা ডায়েরীতে লিখে ফেলতে হবে এবং সেই অনুযায়ী কাজ সম্পন্ন করতে হবে। দিন শেষে মিলিয়ে দেখতে হবে, কাজগুলো ঠিকমতো হলো কি না। কাজ ঠিকভাবে হলে নিজেকে ধন্যবাদ দিতে হবে। আর না হলে কেন হলো না, সেই কারণ অনুসন্ধান করতে হবে এবং এটা যেন পুনরাবৃত্তি না হয়, সেদিকে খেয়াল রাখতে হবে। তবে মনে রাখতে হবে, দিনের কাজ দিনে শেষ করাই বুদ্ধিমানের কাজ। দিনের কাজ দিনে শেষ না করে আমরা অনেকেই কাজ জমিয়ে রাখি। ফলে শেষ পর্যায়ে এসে কাজ শেষ করা কঠিন হয়ে পড়ে। ফলে মানসিক চাপ তৈরি হয়। তাই আমাদের লক্ষ্য থাকবে, যেভাবে দিনের কাজের তালিকা করা হয়েছে, সেই অনুযায়ী কাজ সম্পন্ন করা।



### মনোযোগ দিয়ে কাজ করা

কাজের ক্ষেত্রে মনোযোগ একটি গুরুত্বপূর্ণ বিষয়। তাই যখন যে কাজটি করা হবে তা মনোযোগ দিয়ে করতে হবে। একসঙ্গে অনেকগুলো কাজ করতে গেলে দেখা যায় কোনো কাজই ভালোভাবে হয় না। সব কাজে নিজের সেরাটা দেওয়ার চেষ্টা করা উচিত। নিজের কাছেই নিজে চ্যালেঞ্জ ছুড়ে দিব, এ কাজটি এখনই শেষ করতে হবে। যতক্ষণ না কাজ শেষ হয়, লেগে থাকতে হবে। দেখা যাবে প্রতিটি কাজই সুন্দরভাবে সমাপ্ত হচ্ছে। আর কাজ শেষ হলে মনের ভেতর যে তৃপ্তির আনন্দ পাওয়া যায় তা আরও কাজ করতে আগ্রহী করে তুলবে।



### সামাজিক মাধ্যমের সুষ্ঠু ব্যবহার

বর্তমানে তথ্যপ্রযুক্তির যুগে একে অপরের সঙ্গে যোগাযোগের ক্ষেত্রে সামাজিক মাধ্যম গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করলেও এর অপরিমিত ব্যবহারে নষ্ট হয় অগণিত সময়। তাই সময়ের সঠিক ব্যবহারের জন্য প্রয়োজন তথ্যপ্রযুক্তির বিভিন্ন মাধ্যমের সুষ্ঠু ও পরিমিত ব্যবহার। হুট করে কাজ থেকে মনোযোগ হারিয়ে ফেলাটা এখন ধারণার চেয়েও সহজ। তাই কাজের সময় সামাজিক যোগাযোগ মাধ্যম অনাহূত শব্দ, কাজের মাঝে বারবার সোস্যাল মিডিয়া ব্যবহার করা থেকে বিরত থাকা অত্যন্ত গুরুত্বপূর্ণ।

## শক্তি পরিবারের ঈদ পূণর্মিলনী



পরিবার পরিজনের সাথে পবিত্র "ঈদ-উল-ফিতর" উদযাপন শেষে শক্তির সকল কর্মীদরেকে নিয়ে ১৬ এপ্রিল, ২০২৪ তারিখ সন্ধ্যা ৭টার সময় ঈদ পূণর্মিলনী অনুষ্ঠিত হয়। শক্তি পরিবারের সকল সদস্য মাইক্রোসফট টিমসে আয়োজিত এই ঈদ পূণর্মিলনীতে অংশগ্রহণ করেন। সকলে ঈদের ছুটি শেষে নব উদ্যোম নিয়ে কাজ করার দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন।

## ঈদুল ফিতর উপলক্ষে বৃদ্ধাশ্রম এবং প্রতিবন্ধী স্কুলে বিশেষ আয়োজন



ঈদ মানে আনন্দ। আর এই ঈদের আনন্দকে সকলের মাঝে ছড়িয়ে দিতে এবং আনন্দ সকলের মাঝে ভাগ করে নিতে শক্তি ফাউন্ডেশনের পক্ষ থেকে যশোরের কেনায়েত আলী আনোয়ারা খাতুন ওল্ড হোম, ঢাকার আপন নিবাস, বরিশালের বয়স্ক পূর্ণবাসন কল্যাণ সংস্থা, রংপুরের বৃদ্ধাশ্রম ও অনাথ আশ্রমে বসবাসরত পরিবার পরিজনহীন সকল বৃদ্ধ ও বৃদ্ধাদের জন্য ঈদের পোষাক উপহার দেওয়া হয় এবং সেই সাথে ঈদের দিনে ভালো খাবারের আয়োজন করা হয়। এর পাশাপাশি রাজশাহীর বুদ্ধি প্রতিবন্ধী ও অটিস্টিক বিদ্যালয়ের বাচ্চাদের জন্যও ঈদের পোষাক এবং ঈদের দিনের উন্নতমানের খাবারের ব্যবস্থা করা হয়।

## বজ্রপাত থেকে সুরক্ষিত থাকতে কিছু করণীয়

**বজ্রপাতের সময় ঘরের বাইরে অবস্থান করলে করণীয়**

- খোলা জায়গা বা ঘরের বাইরে অবস্থান করলে যত দ্রুত সম্ভব দালান বা কংক্রিটের ছাউনির নিচে আশ্রয় নিন
- উঁচু গাছপালা, বৈদ্যুতিক খুঁটি এবং মোবাইল টাওয়ার ইত্যাদির নিচে আশ্রয় নেয়া থেকে বিরত থাকুন
- ধানক্ষেত বা খোলা মাঠে থাকলে তাড়াতাড়ি পায়ের আঙ্গুলের ওপর ভর দিয়ে এবং কানে আঙ্গুল দিয়ে মাথা নিচু করে বসে থাকুন
- অনেকে একত্রে থাকাকালীন বজ্রপাত শুরু হলে প্রত্যেকে ৫০ থেকে ১০০ ফুট দূরে দূরে সরে যান

**ব্রজপাতের সময় ঘরে অবস্থান করলে করণীয়**

- জানালা ও বারান্দার কাছাকাছি না থেকে দূরে অবস্থান করুন
- জানালা বন্ধ রাখুন এবং ঘরের ভেতরে বৈদ্যুতিক সরঞ্জাম থেকে দূরে থাকুন
- ইলেকট্রনিক জিনিসপত্র যেমন মোবাইল, ল্যাপটপ, কম্পিউটার, ল্যান্ডফোন, টিভি, ফ্রিজসহ সব বৈদ্যুতিক সরঞ্জাম ব্যবহার থেকে বিরত থাকুন
- কোন প্রকার ধাতব বস্তু যেমন ধাতব কল, সিঁড়ির ধাতব রেলিং, পাইপ ইত্যাদি স্পর্শ করবেন না

**আসুন সচেতন হই,**
**নিরাপদে থাকি**

## শক্তি সমৃদ্ধি কর্মসূচির আওতায় ফ্রি মেডিকেল ক্যাম্প




শক্তি ফাউন্ডেশনের সমৃদ্ধি কর্মসূচির আওতায় কুমিল্লা তিতাস উপজেলার মজিদপুর ইউনিয়নের সাধারণ ও দরিদ্র জনগণের মাঝে উন্নত স্বাস্থ্যসেবা প্রদানের লক্ষ্যে গত ২৯ এপ্রিল ২০২৪ তারিখ শাহপুর সরকারী প্রাথমিক বিদ্যালয় প্রাঙ্গণে দিনব্যাপী ফ্রি মেডিকেল ক্যাম্প এর আয়োজন করা হয়। বিশেষজ্ঞ ডাক্তার দ্বারা ২১৫ জনকে সম্পূর্ণ বিনামূল্যে চিকিৎসাসেবা এবং প্রয়োজনীয় ওষুধ প্রদান করা হয়।

## সাফল্য গাঁথা



প্রপা রেমা, টাঙ্গাইলের শেখ হাসিনা মেডিকেল কলেজে এমবিবিএস ১ম বর্ষে পড়ছেন। প্রপা শক্তি ফাউন্ডেশনের টাঙ্গাইল মধুপুর শাখার সদস্য সুচিত্রা রেমার মেয়ে। সুচিত্রা রেমা নিজে কৃষি কাজ করেন। তার স্বামী সামান্য বেতনে স্থানীয় একটি স্কুলে পড়ান। সুচিত্রা রেমা ও তার স্বামীর স্বল্প আয়ে সংসারের দুই মেয়ে নিয়ে অনেক কষ্টে সংসার চালান। প্রপা রেমা তার বাবা-মায়ের দ্বিতীয় মেয়ে। ছোটবেলা থেকেই প্রপা মেধাবী ছাত্রী ছিলেন। তবে একজন আদিবাসী মেয়ে হিসেবে তার এই পর্যায়ে আসা এত সহজ ছিলোনা। একদিকে দারিদ্র্য অন্যদিকে সামাজিক বিধিনিষেধ। কিন্তু কিছুই তাকে দমিয়ে রাখতে পারেনি। প্রপার ছোটবেলা থেকেই ডাক্তার হওয়ার স্বপ্ন ছিল। প্রপা বলেন, "আমি যখন ছোট ছিলাম তখন কিছুই বুঝতাম না। আমি দেখেছি যে আমাদের পাহাড়ি উপজাতিরা অসুস্থ হলে ডাক্তার বা হাসপাতালের নাগালের বাইরে থাকে, কারণ তাদের দীর্ঘ পথ পাড়ি দিয়ে হাসপাতালে যেতে হয় এবং যাদের কাছে টাকা নেই তাদের পক্ষে ডাক্তারের কাছে নিয়ে যাওয়াও সম্ভব নয়। আত্মীয়-স্বজন ও প্রতিবেশী বিনা চিকিৎসায় মারা যেতে দেখে আমার অনেক কষ্ট হয়। তাই আমি সিদ্ধান্ত নেই আমি ডাক্তার হব, যাতে গরীব অসহায় মানুষ বিনা চিকিৎসায় মারা না যায়"। তার এই অদম্য ইচ্ছা পূরণে পাশে এসে দাড়িয়েছে শক্তি ফাউন্ডেশন। শক্তির শিক্ষা বৃত্তির সুযোগ পেয়ে প্রপা এখন টাঙ্গাইলের শেখ হাসিনা মেডিকেল কলেজে নিয়মিত পড়াশোনা চালিয়ে যাচ্ছেন। শক্তি পরিবার প্রপা রেমার এই পথচলায় সাথে থাকতে পেরে অত্যন্ত গর্বিত।

## এক নজরে শক্তি (এপ্রিল ৩০, ২০২৪)

| মাইক্রোফাইন্যান্স শাখা | বিভাগ | জেলা | থানা | ইউনিয়ন |
|---|---|---|---|---|
| ৫১৮ টি | ৮ টি | ৫৫ টি | ৩৬৮ টি | ২,১৩৪ টি |

**সদস্য সংখ্যা**
৪৬১,৩৯৩ জন

**ঋণী**
৩৬০,৩৬৫ জন

**সঞ্চয় স্থিতি**
৯৫৬.৯৩ কোটি টাকা

ঋণ বিতরণ (ক্রমাগত)
২০০১৮.৫২ কোটি টাকা

ঋণ স্থিতি
২৭০৯.৭২ কোটি টাকা

**ঋণ আদায়ের হার (চলতি)**
৯৫.২৯%

প্রধান কার্যালয়
শক্তি ভবন, বাড়ি নং-০৪,
রোড নং-০১, ব্লক-এ, সেকশন-১১
মিরপুর, পল্লবী, ঢাকা - ১২১৬

+৮৮ ০৯৬১৩-৮৮৪১১১
+৮৮ ০২-৫৮০৫২০৩১
+৮৮ ০১৮১৯৮৫০১৪৮

shakti.org.bd
/SFDWbd
/company/sfdwbd